

(একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত)  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খরাষ্ট্র মন্ত্রণালয়  
সুরক্ষা সেবা বিভাগ  
বহিরাগমন-৪ শাখা  
[www.ssd.gov.bd](http://www.ssd.gov.bd)

স্মারক নং-৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ), ৩০৭

তারিখঃ ১৩ কার্তিক, ১৪৩১  
২৯ অক্টোবর, ২০২৪

পরিপত্র

বিষয়ঃ তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তিকরণ।

তথ্য সংশোধনপূর্বক বিদেশে পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদনসমূহ নিষ্পত্তি সংক্রান্ত নির্দেশনা নিম্নরূপঃ

০১. ই-পাসপোর্টে নাম (নিজ, পিতা ও মাতা) ও বয়স সংশোধনের জন্য-

(ক) বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকদের জাতীয় পরিচয়পত্র ও পাসপোর্টের তথ্যে গরমিল হলে জাতীয় পরিচয়পত্রের প্রদত্ত তথ্য (নাম, পিতা-মাতার নাম, বয়স ইত্যাদি) অনুযায়ী পাসপোর্ট রি-ইস্যু করতে হবে। তবে, অপ্রাপ্ত বয়স্কদের ক্ষেত্রে জন্মনিবন্ধন সনদ বিবেচনা করতে হবে; প্রয়োজনে জেএসসি/জেডিসি/এসএসসি/এইচএসসি/দাখিল/কারিগরি/উন্মুক্ত বিশ্ববিদ্যালয় ও সমমান-এর সনদ বিবেচনা করা যেতে পারে;

(খ) আবেদনকারীদের মধ্যে যাদের জাতীয় পরিচয়পত্র নেই তাদের ক্ষেত্রে জন্মসনদ বিবেচনা করতে হবে;

(গ) আবেদনকারীর মৌলিক তথ্যের সম্পূর্ণ সংশোধনের ক্ষেত্রে (নিজ নাম, পিতা-মাতার নাম) বাংলাদেশ পুলিশের স্পেশাল ব্রাঙ্কের মাধ্যমে প্রদত্ত তথ্য যাচাই করতে হবে;

(ঘ) আবেদনকারীর বয়স সংশোধনের ক্ষেত্রে সর্বোচ্চ ০৫ (পাঁচ) বছরের ব্যবধান পর্যন্ত বিবেচনা করা যেতে পারে;

(ঙ) জন্মসনদ দিয়ে তথ্য সংশোধনের ক্ষেত্রে, আবেদনকারী প্রাপ্ত বয়স্ক হলে আবেদনের সঙ্গে সংশ্লিষ্ট দেশের অবস্থান/বসবাসের প্রমাণক, ছবি, নাম এবং বয়স সম্বলিত প্রমাণক যেমনঃ পারমানেন্ট রেসিডেন্ট কার্ড/জব আইডি কার্ড/স্টুডেন্ট আইডি কার্ড/ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি সংযোজন করতে হবে, যা দুতাবাসের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।

০২. শুধুমাত্র বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে পাসপোর্ট আবেদন প্রক্রিয়াকরণের ক্ষেত্রে এ বিভাগ হতে জারীকৃত ১৩.১২.২০২২ তারিখের ৫৮.০০.০০০০.০৪৩.৩২.০০৭.১৭ (অংশ), ১৫৮ নং পরিপত্রের পরিবর্তে এ পরিপত্র প্রযোজ্য হবে।

০৩. পরিপত্র জারির তারিখ হতে আগামী ৩০.০৪.২০২৫ তারিখ পর্যন্ত এ পরিপত্র অনুসরণ করে বিদেশে বসবাসরত বাংলাদেশি নাগরিকগণ পাসপোর্ট ইস্যু/রি-ইস্যুর আবেদন করতে পারবেন।

০৪. যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মোঃ আমিন আল পারভেজ  
উপসচিব

ফোন-০২-৫৫১০১১৩৯

[Email-immi4@ssd.gov.bd](mailto:Email-immi4@ssd.gov.bd)

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য